



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং : জাতী:বি:/পরি/পনি/২০১৩/১৫৬৮

তারিখঃ ০৫/০১/২০২৫

## অনলাইনে সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত কলেজ ও ইন্সটিটিউট এর সকল শিক্ষার্থীর এডমিট কার্ড, সনদ, নম্বরপত্র, ট্রান্সক্রিপ্ট উত্তোলনের আবেদন অন-লাইনে (<http://103.113.200.68/nu-app>) গ্রহণ করা হয়। অথবা ওয়েবসাইটে (<https://www.nu.ac.bd>) গিয়ে সার্ভিসেস (Services) মেনু থেকে Student Login লিংক ব্যবহার করেও আবেদন গ্রহণ করা হয়।

এছাড়া সনদ যাচাই, সত্যয়ন, WES/ICAS/IQAS/CES/CUNY/SPANTRAN/NASBA/IEE Request Form পূরণ, বিভিন্ন এজেন্সি অথবা বিদেশী বিশ্ববিদ্যালয়ের Request Form পূরণ করে Online/Email/Electronically/সিল খামের আবেদনের জন্য ওয়েব সাইটের Service মেনুর Verification Service/Certificate/Marksheet/WES etc এ ক্লিক করে অথবা <http://103.113.200.36/PAMS/ServiceLogin.aspx> লিংক থেকে অন-লাইনে আবেদন করা যায়।

অন-লাইনে আবেদনের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

১. আবেদন ফরমের কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://www.nu.ac.bd/application-certificate-transcript-migration.php>) পাওয়া যাবে। প্রয়োজনীয় ডকুমেন্ট উত্তোলনের জন্য আবেদনের ম্যানুয়াল <http://103.113.200.68/nu-app/studentlogin/manual> লিঙ্কে পাওয়া যাবে। ডাউনলোড করে ভালভাবে বুঝে আবেদন ফরম পূরণ করতে হবে।

২. মূল সনদের জন্য ২০০১ সালের পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও সাময়িক সনদের কালার স্ক্যানকৃত ফাইল (PDF) আবেদনের সাথে সংযুক্ত (আপলোড) করতে হবে তবে ২০০১ সাল বা এর পরে উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল সনদের জন্য শুধু সাময়িক সনদের কালার স্ক্যানকৃত ফাইল (PDF) সংযুক্ত (আপলোড) করলেই চলবে। আবেদনকারীকে তার ছবি স্ক্যান করে সংযুক্ত করতে হবে।

৩. আবেদনকারীর নিজের মোবাইল নাম্বার ও ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করতে হবে।

৪. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে একাধিক ডিগ্রী সম্পন্ন করে থাকলে পৃথক পৃথক প্রোফাইল খুলে পৃথক পৃথক ইউজার ও পাসওয়ার্ড ব্যবহার করে আবেদন করতে হবে।

৫. আবেদনের ফি এর পে-স্লিপ ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি এর টাকা জমা দেয়া যাবে। এছাড়া সোনালী ব্যাংকের পেমেন্টে গেটওয়ের অর্ন্তভুক্ত বিভিন্ন কার্ড, মোবাইল ব্যাংকিং অথবা সোনালী ব্যাংকের অন-লাইন পেমেন্ট অপশন ব্যবহার করে ফি জমা দেয়া যাবে। তবে যেভাবেই পেমেন্ট করুন না কেন আবেদনের সময় সফটওয়্যারে উল্লেখিত ট্রানজেকশন আইডি অথবা পে-স্লিপ সংরক্ষণ করতে হবে। ডকুমেন্ট সংগ্রহের সময় পূর্বে প্রদানকৃত ওরিজিনাল ডকুমেন্টসহ ট্রানজেকশন আইডি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।

৬. আবেদন করার ১৫ দিনের মধ্যে ফি জমা দিতে হবে অন্যথায় আবেদনটি বাতিল হয়ে যাবে।

৭. ফি জমা দেওয়ার সঙ্গে সঙ্গে আবেদনটি সক্রিয় হয়ে যাবে। ডকুমেন্ট প্রস্তুত হলে SMS অথবা Email অথবা উভয় এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী চাইলে সফটওয়্যারে লগইন এর মাধ্যমেও আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবেন। আবেদনের হার্ডকপি জমা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ে আসার কোনো প্রয়োজন নাই।

৮. মূল সনদ সংগ্রহের সময় সাময়িক সনদের মূল কপি ও ফি জমা দেওয়ার রশিদ (মূল কপি) অবশ্যই জমা দিতে হবে। জাতীয় পরিচয়পত্র অবশ্যই প্রদর্শন করতে হবে। সাময়িক সনদের মূল কপি ফেরত না দিলে মূল সনদ দেয়া হবে না।


৯. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার থেকে প্রার্থীত ডকুমেন্ট সংগ্রহ করতে হবে।। নিজের ডকুমেন্ট নিজে সংগ্রহ করতে হবে, একান্ত অপারগ হলে সম্মতিপত্রসহ (Authorization Letter) প্রতিনিধির মাধ্যমেও সংগ্রহ করা যাবে।

১০। সকল ডকুমেন্ট গ্রহণ করার সময় ম্যানুয়ালে উল্লেখিত বা পূর্বে উল্লেখিত ডকুমেন্টের পাশাপাশি অবশ্যই জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।

প্রতিটি আবেদন আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় যথাযথভাবে সেবা প্রদান করতে আমরা আন্তরিকভাবে বদ্ধপরিকর। অহেতুক কারো মাধ্যমে যোগাযোগ না করে সঠিকভাবে নিজের আবেদন নিজে সম্পন্ন করুন। যেকোনো মিডিয়া বা এজেন্ট পরিহার করুন। যথাসময়ে সেবা প্রদানে আমরা বদ্ধপরিকর।

বিশ্ববিদ্যালয়ে এসে সরাসরি কোন আবেদন করার প্রয়োজন নেই। সার্ভিস গ্রহণে কোনো সমস্যার সম্মুখীন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করুন। কারো প্ররোচনায় কোনো ধরনের লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে



(মোঃ এশ্বুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

E-mail: controller@nu.ac.bd